

ভর্তি

প্রকৌশল গুচ্ছের তৃতীয় ধাপের অপেক্ষমাণ তালিকা প্রকাশ, ভর্তি ১০ সেপ্টেম্বরের মধ্যে

নিজস্ব প্রতিবেদক ঢাকা



প্রকৌশল গুচ্ছভুক্ত চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তিতে মেধাস্থান এবং পছন্দক্রম অনুযায়ী বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারিত তালিকা প্রকাশ করা হয়েছে।

তৃতীয় ধাপে ভর্তির পর অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি-ইচ্ছুকদের ডাকা হয়েছে। ১০ সেপ্টেম্বরের মধ্যে ভর্তি কার্যক্রম শেষ করতে হবে শিক্ষার্থীদের।

ভর্তিবিষয়ক ওয়েবসাইটে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চুয়েট, কুয়েট ও রুয়েটের বিভিন্ন বিভাগে স্নাতক প্রথম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ ২০২২-২৩)-এর ভর্তির জন্য তৃতীয় ভর্তির পর অপেক্ষমাণ তালিকার ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৫৭২৫ হতে ৫৭৭২ মেধাতালিকা পর্যন্ত এবং স্থাপত্য বিভাগের ৩৫৪ মেধাতালিকা পর্যন্ত শিক্ষার্থীদের বিভাগ ও বিশ্ববিদ্যালয়ের তালিকা এর [ওয়েবসাইটে](#) প্রকাশ করা হয়েছে।

প্রার্থীদের জন্য করণীয়

- ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৫৭২৫ হতে ৫৭৭২ মেধাতালিকা পর্যন্ত এবং স্থাপত্য বিভাগের ৩৫৪ মেধাতালিকার শিক্ষার্থীদের ১০ সেপ্টেম্বর বিকেল ৪টার মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকে ভর্তি ফি জমা দিতে হবে। এই তারিখের মধ্যে ফি জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- নোটিশপ্রাপ্তির পর থেকেই অটোমাইগ্রেশন-প্রক্রিয়া চালু হয়ে যাবে। প্রার্থীরা যদি তাঁদের প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগেই পড়তে ইচ্ছুক হন, তবে তাঁদের অটোমাইগ্রেশন-প্রক্রিয়া বন্ধ করতে হবে ৭ সেপ্টেম্বর বিকেল পাঁচটার মধ্যে। না হলে তাঁদের মেধাস্থান এবং পছন্দক্রম অনুসারে বিশ্ববিদ্যালয় ও বিভাগ অটোমাইগ্রেশন-প্রক্রিয়ার মাধ্যমে পরিবর্তিত হবে।
- প্রার্থীদের মেধাস্থান এবং পছন্দক্রম অনুসারে বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারণ করে ১১ সেপ্টেম্বর সকাল ১০টার মধ্যে ওয়েবসাইটে দেওয়া হবে।
- ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৫৭৭৩ হতে ৫৮৯৬ মেধাতালিকা পর্যন্ত এবং স্থাপত্য বিভাগের ৩৫৬ থেকে ৩৮০ মেধাতালিকা পর্যন্ত শিক্ষার্থীরা প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগ না পাওয়ায় ভর্তির ফি জমা দেবে না। পরবর্তী সময় আসন খালি হওয়া সাপেক্ষে ভর্তির জন্য তাঁদের পর্যায়ক্রমে ডাকা হবে।
- ৫৭২৫ হতে ৫৭৭২ মেধাতালিকা পর্যন্ত যদি কোন শিক্ষার্থী ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ ও স্থাপত্য বিভাগ (উভয় বিভাগ) প্রাপ্ত হয়, তবে তাঁকে যেকোনো একটি বিভাগ নির্বাচন করতে হবে এবং বিভাগ পরিবর্তনের আবেদন জমা দিতে হবে ৭ সেপ্টেম্বরের মধ্যে।
- ভর্তি ফি জমাদানের পর সব সনদ ৭ সেপ্টেম্বরের মধ্যে জমাদানে ব্যর্থ হলে তাঁর ভর্তি বাতিল করা হবে।
- ভর্তির তারিখগুলো পরিবর্তন করা হলে তা সমন্বিত ভর্তি পরীক্ষার [ওয়েবসাইটে](#) প্রকাশ করা হবে। বিস্তারিত জানতে এখানে [ক্লিক](#) করুন।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো